



ভারতে এয়ার অ্যাম্বুল্যান্স দুর্ঘটনা, প্রাণ গেল ৭ জনের



সংগৃহীত ছবি

ভারতে একটি এয়ার অ্যাম্বুল্যান্স বিধ্বস্ত হয়ে রোগীসহ সাতজনের মৃত্যু হয়েছে। সোমবার (২৩ ফেব্রুয়ারি) সন্ধ্যায় রাঁচি থেকে দিল্লির উদ্দেশে রওনা দেওয়ার পর বাড়খণ্ডের চাত্রা জেলার সিমারিয়া এলাকায় উড়োজাহাজটি দুর্ঘটনায় পড়ে।

উড্ডয়নের কিছু সময়ের মধ্যেই কলকাতা এয়ার ট্রাফিক কন্ট্রোলার সঙ্গে এর যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। পরে সেটি একটি জঙ্গলে ভেঙে পড়েছে বলে নিশ্চিত করে স্থানীয় প্রশাসন। কর্তৃপক্ষ জানায়, উড়োজাহাজটিতে দু'জন পাইলট ছিলেন। এছাড়া একজন রোগী, তার সঙ্গে থাকা দুই স্বজন এবং দুই স্বাস্থ্যকর্মীও ছিলেন।

প্রাথমিক তথ্যে জানা গেছে, প্রায় ৩৯ বছর পুরনো এই এয়ার অ্যাম্বুল্যান্সটি প্রতিকূল আবহাওয়ার মধ্যে পড়েছিল। ধারণা করা হচ্ছে, খারাপ আবহাওয়াই দুর্ঘটনার পেছনে ভূমিকা রাখতে পারে।

LENS ASIA